‘শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

নং- ৩২.০০.০০০০.০২১.১৬.০৩১.১৮-৩৪৮ তারিখঃ ২৬ ভাদ্র, ১৪২৫ / ১০ সেপ্টেম্বর, ২০১৮

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির ও প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত ‘সংক্ষিপ্ত ছকে’ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয় পত্র সংখ্যা- ০৩.০০.২৬৯০.০৭৮.৩৬.০০২.১০(অংশ-৩)-১৭৭, তাং-৩০জুলাই ২০১৮ খ্রিঃ

উপযুক্ত বিষয়ে সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ১০ জুলাই ২০১৪ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনার আগষ্ট/২০১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, মাননীয় প্রধানমন্ত্রী গত ১৫ অক্টোবর ২০১৫ তারিখে কুড়িগ্রাম সরকারী কলেজ মাঠে ‘শিশুদের খেলাধুলার জন্য ধরলা সেতুর পাড়ে একটি শিশু পার্ক তৈরীর’ প্রতিশ্রুতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ২৯ মার্চ, ২০১৮ তারিখে ঠাকুরগাঁও জেলা সফরকালে প্রদত্ত প্রতিশ্রুতির হালনাগাদ প্রতিবেদন এবং প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত নির্ধারিত ‘সংক্ষিপ্ত ছক’-এর তথ্যাদি এতদসংগে পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ৬(ছয়) পাতা।

স্বাক্ষরিত/-
১০/৯/২০১৮
(মো: ইকবাল হোসেন)
উপসচিব
☎৯৫৪০১০৭

সিনিয়র সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- জনাব জাজরীন নাহার, পরিচালক -১১

অনুলিপিঃ

১। পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সিনিয়র সহকারী সচিব(সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য:

নির্দেশনা প্রদানের স্থান ও তারিখঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ১০ জুলাই ২০১৪

প্রতিবেদন প্রস্তুতের তারিখঃ ০৪.০৯.২০১৮ খ্রিঃ

ক্রম	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য
১.	যে সকল মন্ত্রণালয়ের সভাকক্ষ ছোট, বৃহৎ পরিসরে সভা অনুষ্ঠানের জন্য সে সকল মন্ত্রণালয় অন্যান্য মন্ত্রণালয়ের বৃহৎ সভাকক্ষ ব্যবহার করতে পারে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** নির্দেশনা অনুযায়ী সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে সভাকক্ষ ব্যবহার করা হচ্ছে। এছাড়া এ বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের ১৫ জানুয়ারি, ২০১৫ তারিখের পত্র নং-১৫.০০.০০০০.০১৪.১৮.০৩১.১৩.৮১/১(৫) মোতাবেক চাহিদার ভিত্তিতে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষ ব্যবহারের অনুমতি পাওয়া গিয়েছে।
২.	দরিদ্র মহিলাদের খাদ্য নিরাপত্তা কর্মসূচির (ভিজিডি) আওতায় চাউল/ আটা সুষ্ঠুভাবে বিতরণের সুবিধার্থে ৫০ কেজি বস্তার পরিবর্তে ৩০ কেজি পরিমাপের বস্তা তৈরীর জন্য খাদ্য মন্ত্রণালয়-কে অনুরোধ করতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** এ বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ের ২২ জানুয়ারি, ২০১৫ তারিখের পত্র নং-১৩.০০.০০০০.০৪৭.০৭.০০২.১৪/১১ মোতাবেক খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয় এবং সে মোতাবেক বর্তমানে ৫০ কেজি পরিমাপের পরিবর্তে ৩০ কেজি পরিমাপে মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নামাংকিত বস্তায় দরিদ্র মহিলাদের ভিজিডি কর্মসূচির আওতায় চাউল/আটা বিতরণ করা হচ্ছে।
৩.	মাননীয় প্রধানমন্ত্রীর নিজস্ব উদ্যোগে গোপালগঞ্জ জেলায় প্রতিষ্ঠিত শিশু আশ্রয় কেন্দ্রটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ও শিশু একাডেমীর কর্মসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** গোপালগঞ্জ জেলাস্থ 'শেখ রাসেল দু:স্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র'টি প্রধানমন্ত্রীর কার্যালয় এর ১১ এপ্রিল, ২০১৬ তারিখের পত্র নং-০৩.৩২. ০০০০.০৭৮.৪৮.০১১.১৬.৮১(২) মোতাবেক সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীনে রয়েছে এবং তা বাস্তবায়িত হচ্ছে।
৪.	শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** ঢাকা শহরের ভাসমান পথ শিশুদের জরিপ করত: তালিকা প্রনয়ন করা হয়েছে। এছাড়া মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় 'পথশিশু এবং ঝুকিতে থাকা শিশুদের পুনর্বাসন'' শীর্ষক একটি প্রকল্প হতে নেয়া হয়েছে । যার ডিপিপি প্রনয়ন করা হয়েছে।
৫.	মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প যথা- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), ২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র এবং সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, ৩) ভিজিডি-ইউপি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** বর্ণিত ৩টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবলের পদ রাজস্বখাতে সৃজনের প্রস্তাবের প্রেক্ষিতে ১টি প্রকল্প তথা VGD-UP প্রকল্পের কার্যক্রম চলমান না থাকায় বাকী ২টি প্রকল্প যথা- (১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর) (২) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ প্রকল্পের রাজস্বখাতে পদ সৃষ্টির জন্য ১৬/০৫/২০১৮ তারিখের জনপ্রশাসন মন্ত্রণালয়ে সর্বশেষ তথ্যাদি প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় তাদের ০৫/০৬/২০১৮ তারিখের ১৫৮ নং স্মারকে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রেরিত তথ্য ঘাটতির কারণ উল্লেখ পূর্বক স্বয়ং সম্পূর্ণ প্রস্তাবটি ফেরত দেন। অত:পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার আলোকে প্রয়োজনীয় সকল তথ্যসহ স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ২০/০৬/২০১৮ তারিখের ১৫১ নং স্মারকের মাধ্যমে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর'কে অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন তথ্যাদি পাওয়া যায়নি।

৬.	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত রাজস্বখাতে স্থানান্তরিত ১৩টি প্রকল্পের এস.আর.ও জারীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** **মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত রাজস্বখাতে স্থানান্তরিত ১৩টি প্রকল্পের এস.আর.ও জারীর বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখে এস.আর.ও নং ২৮২ মোতাবেক ১২টি প্রকল্পের অনুকূলে এস.আর.ও জারী করে এবং এতদসংক্রান্ত সরকারি গেজেট প্রকাশিত হয়েছে। উল্লেখ্য অবশিষ্ট ১টি প্রকল্প অর্থাৎ 'গ্রামীন মহিলা উন্নয়ন' শীর্ষক সমাপ্ত প্রকল্পটি ১৯৯৭ সাল এর পূর্বে শুরু হয়। প্রকল্পটি জুলাই১৯৯৪ থেকে শুরু হয়ে ৩০ জুন ২০০৯ মেয়াদে সম্পন্ন হয়। ফলে ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয়ের ০৩ ফেব্রুয়ারি, ২০১১ তারিখের পত্র নং-০৭.১০৯.০২০.০৩. ৩০.০১১. ২০১০-৪২ মোতাবেক প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়েছে।**
৭.	মহিলা উদ্যোক্তাদের পণ্য বিপণনের জন্য গঠিত জয়িতার অনুকূলে বরাদ্দপ্রাপ্ত ধানমন্ডিস্থ বাড়িটির দখল হস্তান্তর ত্বরান্বিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংশ্লিষ্ট শাখা হতে উদ্যোগ গ্রহণ করতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** মহিলা উদ্যোক্তাদের জন্য বিপননের জন্য গঠিত 'জয়িতার' নামে বরাদ্দকৃত ধানমন্ডিস্থ ৪০৫/বি (পুরাতন) ২০/এ (নতুন) সড়ক নং-২৭ (পুরাতন) ১৬ (নতুন) ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকাস্থ বাড়িটির দখলভার গত ১০/০৫/২০১৫ তারিখে জয়িতা ফাউন্ডেশন অনুকূলে হস্তান্তর করা হয়েছে। আরও উল্লেখ্য যে, উক্ত বরাদ্দকৃত বাড়িসহ প্রায় এক বিঘা জমি জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। জয়িতা ফাউন্ডেশনের বরাদ্দকৃত জায়গায় নিজস্ব ভবন নির্মানার্থে 'জয়িতা টাওয়ার' সংক্রান্ত ডিপিপি প্রনয়ন করা হয়েছে যা একনেকে অনুমোদনের জন্য অপেক্ষাধীন রয়েছে।
৮.	বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র লিখতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** **গত ১০/০৭/২০১৪ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সচিবালয় অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন করা হয়েছে।** **উল্লেখ্য সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের আসন সংখ্যা ৫০টি। সচিবালয়ে কর্মজীবী মায়েদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বর্তমানে এ কেন্দ্রের চাহিদা অধিকহারে বেড়েছে। এ কারনে সচিবালয়ের অভ্যন্তরে ৫ ও ৬ নং ভবনের মাঝে উত্তর পূর্ব কোনে অবস্থিত ফাঁকা জায়গায় আরো একটি ডে-কেয়ার সেন্টার স্থাপনের অনুমতি প্রদানের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে গত ২৮/০৯/২০১৬ তারিখে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, গনপূর্ত বিভাগ হতে জানায় যে, সচিবালয়ের মসজিদের পার্শ্বে টিন সেড ভবন ভেঙ্গে নির্মিতব্য বহুতল ভবনে শিশু দিবাযত্ন কেন্দ্রের ব্যবস্থা রাখা হবে। এছাড়া বিদ্যমান শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণের সম্ভাব্যতাও যাচাই করা হচ্ছে।**
৯.	পার্বত্য তিনটি জেলার যে কোন একটি জেলায় জয়িতা-র শাখা খুলতে হবে।.	**নির্দেশনাটি বাস্তবায়িত।** মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী পার্বত্য জেলা বান্দরবান এ 'জয়িতার' শাখা খোলার উদ্যোগ গ্রহণ করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে 'নিবন্ধিত মহিলা সমিতি ভিত্তিক ব্যতিক্রমী ব্যবসায়ী উদ্যোগ' (জয়িতা-বান্দরবান) শীর্ষক কর্মসূচীর আওতায় বান্দরবান পার্বত্য জেলায় মহিলা বিপনী কেন্দ্রে স্থাপনের জন্য জেলার 'মেঘলা' পর্যটন এলাকায় ০.২০ (বিশ শতক) একর জমি মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর নামে 'প্রতিকী মূল্যে' বন্দোবস্ত পাওয়া গিয়েছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ১২ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ কর্মসূচির ভিত্তি প্রস্তর স্থাপন করেন। বর্তমানে কর্মসূচীটি ৭.৭৯ লক্ষ টাকা ব্যয়ে অনুমোদিত হয়েছে এবং এলজিইডি এর প্রস্তুতকৃত স্থাপত্য নকশা অনুযায়ী নির্মান কাজ শুরু হয়েছে। এছাড়া উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেয়ার জন্য প্রস্তুতি চলছে।

১০.	সিসিমপুর শীর্ষক শিশুতোষ চলচ্চিত্রটি বাংলাদেশ টেলিভিশনে নিয়মিত প্রচারের ব্যবস্থা নিতে হবে।	**নির্দেশনাটি বাস্তবায়িত।** সিসিমপুর শীর্ষক শিশুতোষ চলচিত্রটি বাংলাদেশ টেলিভিশনে নিয়মিত প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষকে গত ০৫/১২/২০১৭ তারিখে পত্র নং-৩২.০০.০০০০.০৫৭.২০.০১৪.১১.২১৯ মোতাবেক অনুরোধ করা হয়। সে মোতাবেক বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)-তে সিসিমপুর শীর্ষক চলচিত্র'টি সপ্তাহে ৪(চার) বার প্রচার করা হচ্ছে। অর্থাৎ প্রতি শুক্রবার ১বার প্রচার এবং প্রতি শনিবার, মংগলবার ও বৃহস্পতিবার ১ বার করে পুন:প্রচার করা হচ্ছে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য:

নির্দেশনা প্রদানের স্থান ও তারিখঃ কুড়িগ্রাম সরকারী কলেজ মাঠ (১৫ অক্টোবর, ২০১৫)

প্রতিবেদন প্রস্তুতের তারিখঃ ০২.০৮.২০১৮ খ্রিঃ

ক্রম	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য
১.	শিশুদের খেলাধুলার জন্য ধরলা সেতুর পাড়ে একটি শিশু পার্ক তৈরী করা হবে।	**শিশু পার্ক তৈরী সম্পর্কিত কাজটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্য-পরিধির এখতিয়ারভুক্ত নহে। তা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের কার্যক্রমভূক্ত।** ▪ **মাননীয় প্রধানমন্ত্রীর ১৫/১০/২০১৫ তারিখ কুড়িগ্রাম জেলা সফরকালে কুড়িগ্রাম কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভার ভাষণে প্রতিশ্রুতি প্রদান করেন যে, 'ধরলা সেতুর পাড়ে শিশুদের খেলাধুলার জন্য একটি শিশু পার্ক তৈরী করা হবে'।** ▪ **মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্তে জেলা প্রশাসক কুড়িগ্রাম কর্তৃক গত ২৪/০১/২০১৬ তারিখের পত্র নং-০৫.৪৭.৪৯০০.০০৪.০৬.০১০.২০১৬-৪৮ মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-কে পত্র দেয়া হয়। পরবর্তীতে কাজের ধারাবাহিকতায় স্থানীয় সরকার বিভাগ বরন পৌর-১ শাখা হতে গত ০৮/০২/২০১৭ তারিখের পত্র নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০৫.১৬-১৮৩ মোতাবেক ভূমি মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়।** ▪ **ইতোমধ্যে কুড়িগ্রাম পৌরসভার গত ১৪/০৬/২০১৬ তারিখের পত্র নং-৪৬.৪৭.৪৯০০.০৭১.০১০.০০১.২০১৬-৩৭৯ মোতাবেক এতদবিষয়ে প্রয়োজনীয় অর্থ প্রাপ্তির নিশ্চয়তা ও অধিগ্রহনকৃত জমিতে শিশু পার্ক নির্মান বিষয়ে কুড়িগ্রাম পৌরসভার মাননীয় মেয়র এর সম্মতিপত্র পাওয়া যায়। সর্বশেষে এ বিষয়ে জেলা প্রশাসক কুড়িগ্রাম এর পত্র ২৪/৪/২০১৭ তারিখের পত্র নং- ৩১.৪৭.৪৯.০০.০০৮. ০২.১১৭.১৭-২০৬ মোতাবেক অধিগ্রহনকৃত জমিতে প্রস্তাবিত শিশু পার্ক নির্মানে কোন আইনগত জঠিলতা নেই মর্মে মতামত দিয়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়।** ▪ **বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত উক্ত শিশু পার্ক নির্মান সম্পর্কিত প্রতিশ্রুতিটি বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগের অধীনে কুড়িগ্রাম জেলা প্রশাসক ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় যৌথভাবে কাজ করে যাচ্ছে।**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য:

নির্দেশনা প্রদানের স্থান ও তারিখঃ ঠাকুরগাঁও জেলা সফরকালে প্রদত্ত প্রতিশ্রুতি (২৯ মার্চ, ২০১৮)

প্রতিবেদন প্রস্তুতের তারিখঃ ০২.০৮.২০১৮ খ্রিঃ

ক্রম	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য
১.	কর্মজীবী মহিলা হোস্টেল স্থাপন।	**উল্লেখিত প্রতিশ্রুতির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত জেলা পর্যায়ে "মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স নির্মাণ ২য় পর্যায়" প্রকল্পের ১২টি জেলার মধ্যে ঠাকুরগাঁও জেলাও অন্তর্ভূক্ত রয়েছে।** **কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ইতোমধ্যে জেলা প্রশাসকের কার্যালয় হতে ০.৩৭ একর জমির প্রস্তাব পাওয়া গিয়েছে। উক্ত কমপ্লেক্স ভবনে ৫০ আসন বিশিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেলের সংস্থান রয়েছে। ঠাকুরগাঁও জেলায় কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশার জন্য গত ০৩/১২/২০১৭ তারিখে স্থাপত্য অধিদপ্তরে পত্র দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে স্থাপত্য অধিদপ্তর হতে গত ২০/০৫/২০১৮ তারিখে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ বরাবর ডিজিটাল সার্ভেম্যাপ প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। ডিজিটাল সার্ভেম্যাপ দ্রুত গতিতে প্রাপ্তির জন্য নির্বাহী প্রকৌশলীদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।** **এছাড়া, ঠাকুরগাঁও জেলায় এ মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থার নিজস্ব ১০(দশ) শতাংশ জমি রয়েছে। জেলা পর্যায়ে জাতীয় মহিলা সংস্থার নিজস্ব জমিতে ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে। নির্মিতব্য ভবনে কর্মজীবী মহিলা হোস্টেল এর সংস্থান রাখা হয়েছে।**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমীর হালনাগাদ তথ্যাদি :

মন্ত্রণালয়/বিভাগ (দপ্তর/সংস্থাসহ)	প্রতিশ্রুতি/ নির্দেশনা (সংখ্যা)	বাস্তবায়িত (সংখ্যা)	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন সংশ্লিষ্ট প্রকল্প				মন্তব্য
			ডিপিপি প্রণয়ন করা হয়েছে (সংখ্যা)	ডিপিপি প্রণয়ন করা হয়নি (সংখ্যা)	পরিকল্পনা কমিশনে ডিপিপি অনুমোদনের অপেক্ষায় আছে (সংখ্যা)	ডিপিপি অনুমোদিত (সংখ্যা)	
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	প্রতিশ্রুতি -২ নির্দেশনা-১০	- ১০	১	১	-	০১	মাননীয় প্রধানমন্ত্রীর ২টি প্রতিশ্রুতির মধ্যে কুড়িগ্রাম জেলা শিশু পার্ক তৈরী সম্পর্কিত প্রতিশ্রুতিটি এ মন্ত্রণালয় সম্পর্কিত নয় বিষয়টি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের কার্যক্রমের আওতাভুক্ত।